**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রাত লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য /০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

## সাপ্তাহিক সংবাদ-পত্র


হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

**চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর**

সাইকেল, টায়ার, টিউব, হাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস্ বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়। রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)



৪১শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৫ই অগ্রহায়ণ বুধবার ১৩৬১ ইংরাজী 1st Dec. 1954 | ২৭শ সংখ্যা






ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Service

**অগ্রগতির পথে নূতন পদক্ষেপ**

হিন্দুস্থান তাহার যাত্রাপথে প্রতি বৎসর নূতন নূতন সাফল্য, শক্তি ও সমৃদ্ধির গৌরবে দ্রুত অগ্রসর হইয়া চলিয়াছে।

নূতন বীমা (১৯৫৩)

**১৮ কোটি ৮৯ লক্ষের উপর**

হিন্দুস্থানের উপর জনসাধারণের অবিচলিত আস্থার উজ্জ্বল নিদর্শন।

ভারতীয় জীবন বীমার ক্ষেত্রে

পূর্ব্ব বৎসর অপেক্ষা **২ কোটি ৪২ লক্ষ বৃদ্ধি**

সমসাময়িক তুলনায় সর্ব্বাধিক

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,

হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা—১৩

শাখা অফিস ঃ ভারতের সর্ব্বত্র ও ভারতের বা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৫ই অগ্রহায়ণ বুধবার সন ১৩৬১ সাল।

## 'বাঙলা ভাষার ভাসার ব্যবস্থা'

—০)-(০—

অর্দ্ধ শতাব্দী পূর্ব্বে জঙ্গিপুর মুন্সেফী আদালতে শ্রীনিত্যানন্দ রায় মহাশয় উকীল ছিলেন। তিনি বাঙলা ভাষার কোন ভুল, বিশেষ করিয়া বানান ভুল দেখিলে খুব ব্যথা পাইতেন। মূল বাল্মীকি রামায়ণ বিশুদ্ধ বাঙলা পদ্যে অনুবাদ করিয়া একখানি সুবৃহৎ রামায়ণ তিনি প্রকাশ করিয়াছিলেন। তাঁহার প্রকাশিত রামায়ণ তৎকালে বিদ্বৎ-সমাজে বেশ সমাদর লাভ করিয়াছিল। "বাঙলা ভাষার ভাসার ব্যবস্থা" কথাটি তাঁহারই মুখে শুনিয়াছিলাম। তিনি সেকালে জঙ্গিপুর হাই স্কুলের বাৎসরিক পরীক্ষায় বাঙলা সাহিত্যের পরীক্ষক থাকিতেন। ছেলেরা তাঁহার কাছে কত নম্বর পাইয়াছে জানিতে গেলে, যে ছেলে খুব ভুল করিত, তাহাকে ঐ কথাটি শুনাইতেন। জঙ্গিপুর বারের তৎকালীন অন্যতম প্রধান উকীল স্বর্গত ইন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় মহাশয় বলিতেন —নিত্যানন্দ বাবু যখন নিজের মুহুরীকে ভুল বানান বা "অত্রাদালতের এলাকা" লেখার জন্য ভৎর্সনা করিতেন তখন, আমাদের (ইন্দ্রবাবুদের) মনে হইত যে বৃদ্ধ যেন—ঝিকে মেরে বউকে শিক্ষা দিচ্ছেন। নিজেরা বর্ণাশুদ্ধি-রোগগ্রস্ত বলে' অন্য কোন বানান ভুল করা মানুষের প্রতি সহানুভূতিসম্পন্ন হ'য়ে অনেক শিক্ষিত নামধারী ব্যক্তি বানান ভুলের সমর্থন ক'রে মত প্রকাশ করে যে আজকাল নিয়ম হ'য়েছে—বানান ভুলে কিছু যায় আসে না, বিশ্ববিদ্যালয়ে ও সব ধর্ত্তব্যের মধ্যে নয়। আমরা প্রকৃত ব্যাপার কি তাহা নিয়ে প্রকাশ করিতেছি।

"বাঙলা ভাষার বানানে ব্যভিচার দেখে রবীন্দ্রনাথ বানানের রীতি নির্দ্দিষ্ট ক'রে দিবার জন্য কলিকাতা বিশ্ববিদ্যালয়কে অনুরোধ করেছিলেন। তদনুসারে ১৯৩৫ সালের নবেম্বর মাসে বিশ্ববিদ্যালয় বানান সংস্কার সমিতি গঠন করেন। সমিতিতে ছিলেন—শ্রীরাজশেখর বসু (সভাপতি), শ্রীপ্রমথ নাথ চৌধুরী (বীরবল), মহামহোপাধ্যায় শ্রীবিধুশেখর শাস্ত্রী, অধ্যাপক শ্রীবিজয়চন্দ্র মজুমদার, অধ্যাপক শ্রীদ্বারকানাথ মুখোপাধ্যায়, রায় বাহাদুর শ্রীখগেন্দ্রনাথ মিত্র, অধ্যাপক শ্রীদুর্গামোহন ভট্টাচার্য্য, অধ্যাপক শ্রীচিন্তাহরণ চক্রবর্ত্তী, অধ্যাপক শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায়, অধ্যাপক শ্রীবিজনবিহারী ভট্টাচার্য্য, অধ্যাপক শ্রীঅমূল্যচরণ বিদ্যাভূষণ, শ্রীসত্যেন্দ্রনাথ মজুমদার এবং শ্রীচারুচন্দ্র ভট্টাচার্য্য (সম্পাদক)

উক্ত সমিতি বাঙলা বানানের নিয়ম রচনা করেন ২০শে মে ১৯৩৬ এবং রবীন্দ্রনাথ ও শরৎচন্দ্র নিয়মাবলী সমর্থন ক'রে অভিমত লিখেছেন—

"বাংলা বানান সম্বন্ধে যে নিয়ম বিশ্ববিদ্যালয় নির্দ্দিষ্ট করিয়া দিলেন, আমি তাহা পালন করিতে সম্মত আছি।

স্বাঃ রবীন্দ্রনাথ ঠাকুর শ্রীশরৎচন্দ্র চট্টোপাধ্যায়,
১১ই সেপ্টেম্বর, ১৯৩৬ ১লা আশ্বিন, ১৩৪৩

কুমারী কল্যাণী নামে একটী বালিকা ণত্ব-বিধি শিখিবার জন্য আমাদের ১০ই নবেম্বর এক পত্র দিয়েছে। তার অনুরোধে আমরা স্থানান্তরে ছড়া ক'রে আমাদের আক্ষরিক বিদ্যায় যতদূর কুলায় দিলাম। এগুলি ছড়ার মত পড়া যায় এবং ইচ্ছা করলে তরজার সুরেও গান গেয়ে মুখস্থ করা যায়।

কয়েকজন ছাত্রের অভিভাবক ও কয়েকজন শিক্ষক মহাশয় এই সংখ্যা 'জঙ্গিপুর সংবাদ' কিছু বেশী ছাপিতে অনুরোধ করিয়াছেন। এক সংখ্যা কাগজের দাম ১০ এক আনা। অনর্থক তাঁহাদের এই ণত্ব বিধির জন্য সমস্ত কাগজখানি ১০ আনা দিয়া কিনিতে হয়, সেই জন্য কেবল কাগজের এই অংশটুকু মাত্র ৫ এক পয়সায় যাহাতে তাঁহারা পান, সেই সুবিধার্থে কেবল উহা পৃথকভাবে মুদ্রিত হইল। রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে উহা মাত্র ৫ এক পয়সা মূল্যে কিনিতে পাইবেন।

---

## জমিদারী দখল ব্যাপারে মুর্শিদাবাদের নবাব বাহাদুরের হাইকোর্টে আবেদন

—০—

বর্ত্তমান নবাব বাহাদুরের পিতামহ বাঙ্গালা, বিহার ও উড়িষ্যার নবাব নাজিম ১৮৯১ খৃষ্টাব্দে তৎকালীন ভারত সচিবের সহিত এই সর্ত্তে এক চুক্তিতে আবদ্ধ হন যে, তিনি ও তাঁহার বংশধরগণ নবাব নাজিমের পদ ও মর্য্যাদা দাবী করিবেন না এবং তৎপরিবর্ত্তে সনদবলে গদীতে আসীন নবাব বাহাদুর সংশ্লিষ্ট সম্পত্তি প্রভৃতি ভোগদখল করিবেন। তৎকালীন ভারতীয় আইন সভা উক্ত চুক্তি অনুমোদন করেন এবং মুর্শিদাবাদ আইন পাশ হয়। সেই সময় হইতে তাঁহার গদীতে আসীন পূর্ব্বপুরুষগণ সংশ্লিষ্ট সম্পত্তি প্রভৃতি শান্তিতে ভোগদখল করিয়া আসিয়াছেন।

আবেদনকারীর বর্ণনায় প্রকাশ, ১৯৫৪ খৃষ্টাব্দে পশ্চিমবঙ্গ জমিদারী দখল আইন পাশ হয়। তৎপরে সরকার জমিদারী ও উহার মধ্যস্বত্ব সরকারের হাতে অর্পণ করিবার জন্য নোটীশ দেন। আবেদনকারী উহাতে আপত্তি জানান এবং তাঁহার সম্পত্তি সম্পর্কে (বিশেষতঃ মুর্শিদাবাদ আইন থাকার জন্য), জমিদারী দখল আইন প্রয়োগ না করিতে সরকারকে অনুরোধ করেন। সরকার জানান যে, জমিদারী দখল আইন সর্ব্বোপরি বলবৎ হইবে এবং মুর্শিদাবাদ নবাব সম্পত্তিতেও উহা যথারীতি প্রযুক্ত হইবে।

আবেদনকারী যুক্তি দেখাইয়াছেন যে, তাঁহার সম্পত্তি সম্পর্কে জমিদারী দখল আইনের প্রয়োগ চলিতে পারে না এবং তাঁহার সম্পত্তি সম্পর্কে উক্ত আইন অবৈধ। উক্ত সাম্প্রতিক আইন দ্বারা বিশেষ বিধি অর্থাৎ মুর্শিদাবাদ আইন অতিক্রম করা যাইতে পারে না। ভারত সরকার কর্তৃক স্বীকৃত চুক্তি পশ্চিমবঙ্গ সরকার একতরফাভাবে অস্বীকারও করিতে পারেন না।

কলিকাতা হাইকোর্টের বিচারপতি মিঃ সিংহ বিবাদী পক্ষ পশ্চিমবঙ্গ সরকার, পশ্চিমবঙ্গের রেভেনিউ বোর্ডের সদস্য এবং মুর্শিদাবাদ, বীরভূম,

মালদহ ও দিনাজপুরের কালেক্টরদের উপর রুল জারীর নির্দ্দেশ দিয়াছেন। নবাব বাহাদুরের সম্পত্তি সম্পর্কে জমিদারী দখল আইনের বিধান প্রয়োগ নিষিদ্ধ করিয়া কেন বিবাদী পক্ষের উপর নির্দ্দেশনামা জারী হইবে না, রুলে তাহার কারণ দর্শাইতে বলা হইয়াছে।

---

## মুর্শিদাবাদের জজ সাহেব অসুস্থ

গত ২৩শে নভেম্বর বেলা ১১টার সময় মুর্শিদাবাদের জেলা ও দায়রা জজ শ্রীশিবচন্দ্র দত্ত একটি মামলা শুনানীর সময় হঠাৎ সন্ন্যাস রোগে আক্রান্ত হন। এজলাসে উপস্থিত উকীল ও অন্যান্য ভদ্রমহোদয়গণ তাঁহাকে অচৈতন্য অবস্থায় তাঁহার বাসভবনে স্থানান্তরিত করেন। তাঁহার অবস্থা এখনও উদ্বেগজনক।

---

## ক্রীড়া প্রতিযোগিতা

জংগীপুর মহাবিদ্যালয়ের প্রথম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আগামী বৎসরের জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে অনুষ্ঠিত হইবে। নির্দ্দিষ্ট তারিখ ও স্থান পরে জানান হইবে। উক্ত প্রতিযোগিতায় যে সব বিষয়গুলিতে মহাবিদ্যালয়ের ছাত্র ব্যতীতও এই মহকুমার সকল প্রতিযোগীই যোগদান করিতে পারিবেন সেগুলি নিম্নে প্রদত্ত হইল।

প্রতিযোগিদিগকে শ্রীকমলকুমার সরকার, সহ-সভাপতি জঙ্গিপুর কলেজ ছাত্রসংসদ অথবা নিম্ন-স্বাক্ষরকারীর সহিত আগামী ২০শে ডিসেম্বরের মধ্যে যোগাযোগ স্থাপন করিবার জন্য অনুরোধ করা যাইতেছে।

৪×১০০ দলবদ্ধ দৌড় ( কেবলমাত্র ছাত্রদের জন্য ) কমলা নিয়ে দৌড় ( ৪ ফুট ৬ ইঞ্চি উচ্চ বালকদের জন্য ) ২ মাইল সাইকেল রেস ( সকলের জন্য ) যেমন খুসী সেজে যাও ( সকলের জন্য )

—মধুসূদন চক্রবর্ত্তী, সাধারণ সম্পাদক
ছাত্র সংসদ জংগীপুর মহাবিদ্যালয়

---

# ণত্ব বিধির ছড়া



ঋ, র, পেটকাটা ষ এর পরে যে ন থাকে
কচ্ করে তার কাটবে মাথা কেবা তারে
রাখে ?
( 'ন' এর মাথা অর্থাৎ মাত্রা কাটলেই 'ণ' হয় )
এই বারে ভাই খুল্‌তে হবে বর্ণ পরিচয়,
অ থেকে ঔ পর্য্যন্ত স্বরবর্ণ কয়।
ক থেকে ম পর্য্যন্ত পাঁচ পাঁচটি নিয়ে,
পৃথক পৃথক ক'রে তাদের রাখিবে লিখিয়ে।
আদি বর্ণ নিয়ে তাদের এক এক বর্গ হবে,
ক চ ট ত প বর্গ এক এক দলকে কবে।
( ং ) এই বর্ণটিকে তোমরা বল; অনুস্বার
ণ এর বিধি শিখতে গেলে এরও হয় দরকার।
ঋ, র, ষ পরে যদি স্বরবর্ণ থাকে,
ক বর্গের প বর্গের পা'ও যদি কাহাকে,
য, ব, হ যদি থাকে কিম্বা অনুস্বার,
এদের মধ্যে একটি কিম্বা বেশী থাকে তার,
যত্ন ক'রে ভাই বোনেরা মনে রেখো সবে
অধিকাংশ স্থানে সব মূর্দ্ধন্য ণ হবে।
দুটি পদে সমাস যথা, থাকে যেন চেনা,
দ্বিতীয় পদের ন মূর্দ্ধন্য হবে না। (মাতৃনাশ)
প্র, পরা, পরি, নির উপসর্গ পর—
মূর্দ্ধন্য ণ করতে সবে হইবে তৎপর।
কখন কখন এর ব্যতিক্রম হয়—
প্রনষ্ট, পরান্ন, শব্দে আছে পরিচয়।
বাঙলা ক্রিয়ার শেষে যে দন্ত্য ন থাকে
ভুলেও মূর্দ্ধন্য যেন করিও না তাকে।
( করেন, মরেন, ধরেন )
পূর্ব্বাহ্ণে, পরাহ্ণে যে ণ হয়ের তলায়,
মূর্দ্ধন্য ণ এমনি করে হ য়ে দিতে হয়।
সায়াহ্ন মধ্যাহ্ন শব্দে দন্ত্য ন হইবে
হ্ন এর ডান পাশে কানের মত দিবে।

## স্বাভাবিক মূর্দ্ধন্য ণ

( কীর্ত্তনে গাওয়া যায় )

"বাণ, বেণু, বীণা, বাণী, বণিক বিপণি বেণী,
কণ, কণা, কল্যাণ, কফোণি, ( কনুই )
কিণ ( আঁচিল ), পাণি, পুণ্য, পণ, আপণ
নিপুণ, গণ,
গণিকা, মাণিক্য, গুণ, মণি।
চণক, চাণক্য, তূণ, শোণিত, কঙ্কণ, ঘূণ,
অণু, স্থাণু, শণ, শাণ, গোণী, ( বস্তা )
এ সব শব্দেতে ভাই, ণত্বের কারণ নাই,
অতএব স্বাভাবিক মানি।"

৺লোহারাম

---

সি. কে. সেনের আর একটি

## অনবদ্য সৃষ্টি

পুষ্পগন্ধে সুরভিত

## ক্যাস্টর অয়েল

বিকশিত কুসুমের স্নিগ্ধ
গন্ধসারে সুবাসিত এই
পরিস্রুত ক্যাস্টর
অয়েল কেশের
সৌন্দর্য্য বর্ধনে
অনুপম।

সি. কে. সেন অ্যাণ্ড কোং লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা ১২



## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১/৹ এক টাকা এক আনা।

সোল এজেন্ট :—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত

## Notice.

Applications are invited in prescribed forms (to be had in the office) for temporary route permits in respect of stage carriages to be provided on the undernoted seasonal routes. Other things remaining equal, preference may be given to an applicant who is in possession of a bus of his own but without any route permit.

1. Kandi—Salar.
2. Radharghat—Sagardighi.
3. Lalbagh—Paharpurghat.
4. Domkal—Dogachighat.
5. Beldanga—Amtala.

The last date of submission of applications to the undersigned is 7th December, 1954.

Sd/—S. B. Mazumdar.
Secretary,
Regional Transport Authority,
Murshidabad.

## NOTICE.

1. A list of applicants, with their details as far as practicable, for the grant of a permit to operate bus service on the Radharghat—Ganthlaghat route has been kept displayed in the notice board of the Regional Transport Authority, Murshidabad and also in the notice boards of the outlying Subdivisional offices.

Representation, if any, in connection therewith will be received by the undersigned within 30 days from the date of publication of this notice.

2. A list of persons applying for the renewals of stage carriage permits in respect of Berhampore—Sagarpara, Berhampore—Jallangi via Sagarpara, Berhampore-Bamnabad via Lalbagh and Berhampore—Katlamari via Raninagar routes and also in respect of public carriers has been hung up in the notice board of the Regional Transport Authority, Murshidabad and also in the notice boards of the outlying Sub-divisional offices.

Representation, if any, in connection therewith will be received by the undersigned within 30 days from the date of publication of this notice.

Sd/—S. B. Mazumdar.
Secretary,
Regional Transport Authority,
Murshidabad.

## Notice.

Applications are invited in prescribed forms (to be had in this office) for a parmanent route permit in respect of a stage carriage to be provided on the inter-regional route Berhampore—Karimpur.

The last date of submitting the application to the undersigned is 15.12.54.

Sd/—S B. Mazumdar.
Secretary,
Regional Transport Authority,
Murshidabad.

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৩ই ডিসেম্বর ১৯৫৪

১৯৫৩ সালের ডিক্রীজারী

৫৯৭ থাং ডিঃ জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং তপেশ মণ্ডল দিং দাবি ৫৬।/৯ থানা সুতি মৌজে হাজিপুর ৬-৯২ শতকের কাত ৫৮০ নিজাংশে ৮৶৪ আঃ ১০৲

১৯৫৪ সালের ডিক্রীজারী

৫৬৩ থাং ডিঃ অর্দ্ধেন্দুশেখর নাথ দিং দেং লক্ষ্মীমন বিবি দাবি ২১৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে সিমলা ৪৪ শতকের কাত ৩।৵১০ আঃ ৫৲ থং ৪০৫

৫৬৪ থাং ডিঃ ঐ দেং সামসুদ্দিন মণ্ডল দাবি ১৯।৵০ থানা ঐ মৌজে চড়কা ২০ শতকের কাত ২।৶০ আঃ ১০৲ থং ১১০

৫৬৮ থাং ডিঃ ঐ দেং অনুকূলচন্দ্র চট্টোপাধ্যায় দিং দাবি ১৬৸৶৩ থানা ঐ মৌজে বাঘা ৯৯ শতকের কাত ২॥১ পাই আঃ ৫৲ থং ৫

৫৬৯ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ দে দাবি ১৬/৬ মৌজাদি ঐ ১৪৮॥০ শতকের কাত ২॥৶৬ আঃ ৫৲ থং ৬৪

৪৪৪ থাং ডিঃ অশ্বিনীকুমার সরকার দিং দেং অর্দ্ধেন্দুশেখর নাথ দিং দাবি ৪৮৸৵৬ থানা সুতি মৌজে ফতেপুর ২-৪২ শতকের কাত ৬।৶০ আঃ ১০৲ থং ১৩২

৬১৮ থাং ডিঃ যোগমায়া দেবী দেং উমারাণী দেবী দাবি ২২॥৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে দুবরা ৩২ শতকের কাত ৩।৵০ আঃ ১২৲ থং ৩১৯

৪১৪ থাং ডিঃ মৃগেন্দ্রনাথ ভট্টাচার্য্য দিং দেং বিশ্বেশ্বর ঘোষাল দাবি ৬৬॥৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ১০৯ শতকের কাত ১০৵০ আঃ ৫০৲ থং ৩২০

৫৯৪ থাং ডিঃ ঐ দেং হরিহর ঘোষাল দিং দাবি ৪০॥১ মৌজাদি ঐ ৬৬ শতকের কাত ৫৸৵০ আঃ ৫৲ থং ৩৮৩

৫৯২ থাং ডিঃ ঐ দেং দামুদর দাস দিং দাবি ১৬৸৵০ থানা ঐ মৌজে সিমলা ৭৮ই শতকের কাত ১।/৭ আঃ ৫৲ থং ৯৮

৫৯৩ থাং ডিঃ ঐ দেং সফেজান বেওয়া দিং দাবি ৬৫।৵০ থানা ঐ মৌজে বাড়ালা ১-৩৯ শতকের কাত ১০।৵১ পাই আঃ ২০৲ থং ৫৩৫

৫৯৬ থাং ডিঃ ঐ দেং আবদুল রেজ্জাক সেখ দিং দাবি ৭১৸৩ থানা ঐ মৌজে সিমলা ও কুলড়ী ৩-২১ শতকের কাত ১১॥/০ আঃ ২০৲ থং ৫২ ও ৯৩

৫৯৭ থাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং রঘুনাথ দত্ত দিং দাবি ১৭॥৶৩ থানা সুতি মৌজে বংশবাটী ৬৯ শতকের কাত ।৬ আঃ ৫৲ থং ১৮৩৩

৫৯৮ থাং ডিঃ ঐ দেং জগদিন্দু ভট্টাচার্য্য দিং দাবি ২০৸৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে তালাই ১-৬৯ শতকের কাত ১।০ আঃ ৫৲ থং ৫১৮ অধীনস্থ থং ৫১৯

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১০ই জানুয়ারী ১৯৫৫

১৯৫৪ সালের ডিক্রীজারী

৫৯১ থাং ডিঃ মৃগেন্দ্রনাথ ভট্টাচার্য্য দিং দেং মদনগোপাল সেন দিং দাবি ৪৬।৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে মথুরাপুর ২-৭১ শতকের ৬৲ আঃ ১০৲ থং ২৪২

৫৯৫ থাং ডিঃ ঐ দেং তুফানী দাসী দিং দাবি ১১৭॥৵৯ থানা ঐ মৌজে সিমলা ৩-২২ শতকের কাত ২০।০ আঃ ২৫৲ থং ১০৭

৬৫১ থাং ডিঃ কালাচাঁদ মণ্ডল দেং দেবেন্দ্র প্রামাণিক দাবি ৭২।৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাহাদিনগর ১-৪১ শতকের কাত ১৫৲ আঃ ২৫৲ খং ৩৮

৬৫২ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলাক্ষা দেং সরোজাক্ষ হাজরা দিং দাবি ২৩৻৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাড়ালা ১-৬৯ শতকের কাত ৩৷৵৫ আঃ ১০৲ খং ৮১

৬৫৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৷৵৯ মৌজাদি ঐ ৯৫ শতকের কাত ১৷০ আঃ ৫৲ খং ১৩৮

৬৫৫ থাং ডিঃ ঐ দেং অভয়পদ বন্দ্যোপাধ্যায় দিং দাবি ১০৷৶৬ মৌজাদি ঐ ১৩ শতকের কাত ‖৩ আঃ ৫৲ খং ২৯

৬৫৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬/৬ মৌজাদি ঐ ২-০৪ শতকের কাত ৫/৭ আঃ ১০৲ খং ৩০

৬৫৬ থাং ডিঃ ঐ দেং সুরেশচন্দ্র সেন দিং দাবি ১৭‖/৩ মৌজাদি ঐ ২-৫২ শতকের কাত ৬৷/১১ আঃ ১০৲ খং ৫৮

৬৫৮ থাং ডিঃ ঐ দেং বিজয়ভূষণ বন্দ্যোপাধ্যায় দিং দাবি ১৭৷/৩ মৌজাদি ঐ ২-৯৬ শতকের কাত ৬৷/০ আঃ ১০৲ খং ৬২

৬৫৯ থাং ডিঃ ঐ দেং অন্নপূর্ণা দেবী দাবি ৪১৸/৯ মৌজাদি ঐ ৩-৪৭ শতকের কাত ৮৷০ আঃ ৩০৲ খং ৮৭

৬৬০ থাং ডিঃ ঐ দেং নিত্যগোপাল দাস দিং দাবি ৫৩/০ মৌজাদি ঐ ৩-৮৭ শতকের কাত ১০৸/১ আঃ ৩৫৲ খং ১২৭

৬৬১ থাং ডিঃ শিশিরকুমার মুখোপাধ্যায় দেং হরিহর ঘোষাল দিং দাবি ১২৸৯ থানা ঐ মৌজে মণ্ডলপুর ১৮ শতকের কাত ৸০ আঃ ৫৲ ৭২৩

৬৬২ থাং ডিঃ পুরন্দর হালদার দেং ইন্দ্রচন্দ্র সিংহ দাবি ১৮‖৶০ থানা সুতি মৌজে বংশবাটী ১-৩৮ শতকের কাত ১৸৬ আঃ ৫৲ খং ১৯২৯

৬৬৩ থাং ডিঃ যতীন্দ্রনাথ মণ্ডল দেং জিতেন্দ্রনাথ হালদার দাবি ১৭‖৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে নিস্তা ২৭ শতকের কাত ২৷৶৬ আঃ ৫৲ খং ৫৭৩

৬৬৪ থাং ডিঃ ঐ দেং গঙ্গাচরণ বিশ্বাস দাবি ১৮‖৶৯ মৌজাদি ঐ ৩৩ শতকের কাত ৩৲ আঃ ৫৲ খং ৫৭৩

৬৬৫ থাং ডিঃ ঐ দেং মণীন্দ্রনাথ সিকদার দাবি ১৮‖৶৯ মৌজাদি ঐ ৩৩ শতকের কাত ৩৲ আঃ ৫৲ খং ৫৭৩

৬২০ থাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং সাইফুল হক মণ্ডল দিং দাবি ৫২।৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে তালাই ২-১৫ শতকের কাত ১১৸৶/১০ আঃ ২৫৲ খং ৩৬৭

৬২৪ থাং ডিঃ ঐ দেং জ্যোৎস্নাময়ী চৌধুরাণী দিং দাবি ৪৪‖৶৩ মৌজাদি ঐ ৩-৯৪ শতকের কাত ১৩৵৪ আঃ ২৫৲ খং ৩২৭

৬২৫ থাং ডিঃ ঐ দেং রঘুনাথ সাহা দাবি ১৭‖/৭ মৌজাদি ঐ ৭৬ শতকের সেস ৷/০ আঃ ৫৲ খং ৪৮২

৬২৬ থাং ডিঃ ঐ দেং সাহাদত সেখ দাবি ২২/৬ মৌজাদি ঐ ৩-৬৪ শতকের কাত ৪৸৶/১ আঃ ১৫৲ খং ৩২৬

৬২৭ থাং ডিঃ ঐ দেং রঘুনাথ সাহা দাবি ২১‖/৯ মৌজাদি ঐ ১ ৮৯ শতকের সেস ৷৶৪ আঃ ১৫৲ খং ৪৮৪

৬২৮ থাং ডিঃ ঐ দেং সাহাদত সেখ দাবি ১০৷৶৯ মৌজাদি ঐ ২১ শতকের কাত ‖০ আঃ ৫৲ খং ৩২৮

৫২৬ থাং ডিঃ বীরেন্দ্রকুমার গুপ্ত দিং দেং কুড়ান মাল দিং দাবি ১১০‖৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাহেবনগর ৩ ৯৬ শতকের কাত ২২৸২ আঃ ৪০৲ খং ২৫

৬৩৮ থাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং শ্যামাপদ রায় দিং দাবি ২১‖৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে খড়কাটী ১১-১৩ শতকের কাত ১৩৷১০ জমার ডিগ্রিদারগণের নিজাংশ জমা ২৶৬ আঃ ১০৲ খং ২৭৬ রায়ত স্থিতিবান স্বত্ব

৬৩৭ থাং ডিঃ ঐ দেং বিষ্ণুপদ রায় দাবি ১০২৶০ থানা ঐ মৌজে জোতসুন্দর, নবাবজাগীর, খোদ-রামপুর ৮-১২ শতকের কাত ১৭/৩ আঃ ২০৲ খং ২০২, ৫৮, ১০৯ রায়ত স্থিতিবান।

৩৮৯ থাং ডিঃ সমরেন্দ্রনাথ রায় দিং দেং যোড়শীবালা দাসী দাবি ৪৭৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাইস্ক্যা ২-১৩ শতকের কাত ৬৷৪ আঃ ২৫৲ খং ২২৮

৩৯১ থাং ডিঃ ঐ দেং কেদারেশ্বর চক্রবর্ত্তী দিং দাবি ১০৫‖০ মৌজাদি ঐ ২-৩৪ শতকের কাত ৫‖৶২‖০ আঃ ৭৫৲ খং ২৪৫

৪২২ থাং ডিঃ রাজেন্দ্রনারায়ণ তেওয়ারী দিং দেং একরাম আলি খাঁ দিং দাবি ৪৭/৩ থানা সুতি মৌজে হারুয়া ১০ শতকের কাত ১‖/৫ আঃ ৫৲ খং ৭৮

৫২৪ থাং ডিঃ সৌরেন্দ্রনাথ রায় দেং সৈয়দ মহসীন আলি দিং দাবি ৬১৸৶৬ থানা সুতি মৌজে হারুয়া ৪-৬১ শতকের কাত ৫৶৪ আঃ ১০৲ খং ৫১৩, ৫১৬

৪২১ থাং ডিঃ ঐ দেং কুলশম বিবি দিং দাবি ৪০‖৯ মৌজাদি ঐ ১২ শতকের কাত ২৷/৪ আঃ ৫৲ খং ১৭৮

২৫৮ থাং ডিঃ শম্ভুনাথ থামারু দিং দেং জিতেন্দ্রনাথ মজুমদার দিং দাবি ২৭৷০ থানা সুতি মৌজে হিলোড়া ৭৮ শতকের কাত ২৵২ আঃ ১০৲ খং ৬২ অধীনস্থ খং ৬৩

৫৫৮ থাং ডিঃ চন্দন মল বয়েদ দিং দেং শচীন্দ্রনাথ অধিকারী দিং দাবি ৪৮৷/০ থানা সুতি মৌজে ভাবকী ২-৮৩ শতকের কাত ৫৸/১০ আঃ ১০৲ খং ৭০৩

৫৫৯ থাং ডিঃ ঐ দেং সেবাইত গোপালচন্দ্র দাস দাবি ১৯/৯ থানা সুতি মৌজে ভাবকী ৪৭ শতকের কাত ৸/০ আঃ ৩৲ খং ৭৫৪

৬৪৮ থাং ডিঃ সেঃ লক্ষ্মীনারায়ণ সিংহ দেং আলাউদ্দিন মোমিন ওরফে কুড়ান মোমিন দাবি ২৩‖৶০ থানা সুতি মৌজে ইচলিপাড়া ৪১ শতকের কাত ৩৸০ আঃ ৮৲ খং ১১২০

৬৪৯ থাং ডিঃ ঐ দেং ইস্থ মোমিন দাবি ৩৮‖৵৯ মৌজাদি ঐ ২০ শতকের কাত ৫/০ আঃ ২০৲ খং ১৫৬৭

৬৬৭ থাং ডিঃ সীমা দেবী দেং ভারতী মণ্ডল দিং দাবি ৭৩‖/৬ থানা সুতি মৌজে নজিরপুর ৮-১০ শতকের কাত ৯‖৵০ আঃ ১৫৲ খং ৮৫

৫৯০ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ চৌধুরী দেং সরোজ-বাসিনী দেবী দাবি ২৫৸৶৯ থানা সুতি মৌজে জগতাই ৩‖৸০ কাঠার কাত ৩‖০ আঃ ৯৲ খং ৩৫০

৬০০ থাং ডিঃ ঐ দেং ইসমাইল বিশ্বাস দাবি ১৪‖৬ মৌজাদি ঐ ৫৸২ বিঘার কাত ১০৲৫ আঃ ১০৲ খং ১১৬

৬০১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৷৵৬ মৌজাদি ঐ ‖১ কাঠার কাত ২‖০ আঃ ৪৲ খং ১৬

৬০২ থাং ডিঃ ঐ দেং আসদ্দি সেখ দাবি ১৪৷৬ মৌজাদি ঐ ১৷৪৸০ বিঘার কাত ৪৲৭ আঃ ৭৲ খং ১২

৩৯২ থাং ডিঃ সমরেন্দ্রনাথ রায় দিং দেং খোর-সেদ সেখ দাবি ১৫৸৵৯ থানা সুতি মৌজে ডাহিনা ৭ শতকের কাত ১৵০ আঃ ৫৲ খং ৫৬

৩৯৩ থাং ডিঃ ঐ দেং লোহারী মাঝি দাবি ১৬৶৯ মৌজাদি ঐ ৬ শতকের কাত ১৲৭ আঃ ৫৲ খং ১৩৩